

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ



ও  
রিটার্নিং অফিসারের কার্যালয়  
৬ষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচন-২০২৪

স্মারক নং- ০৫.৪৩.৬৪০০.১১১.০৪.০২৩.২৪- ২১৮

তারিখ : ২৩ এপ্রিল ২০২৪

বিষয় : ৬ষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচন-২০২৪ উপলক্ষ্যে মনোনয়নপত্র বাছাইকালে উপস্থিত থাকা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ৬ষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচন ২০২৪ উপলক্ষ্যে অনলাইনে প্রাপ্ত নওগাঁ জেলার ২য় ধাপে সাপাহার, পোরশা ও নিয়ামতপুর উপজেলা পরিষদ নির্বাচনে চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান পদে মনোনয়নপত্র দাখিলকারীদের তথ্য মনোনয়নপত্র দাখিলের শেষ দিন অর্থাৎ ২১ এপ্রিল ২০২৪ খ্রিঃ তারিখ বিকাল ৪.০০ ঘটিকার পর নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় অথবা সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় থেকে সংগ্রহ করার জন্য অনুরোধ করা হলো।

মনোনয়নপত্র দাখিলকারীদের ফৌজদারী মামলা, খেলাপী ঋণ; আয়কর, ঠিকাদারী, জরুরি পরিষেবা সংক্রান্ত বকেয়া বিল ও অন্যান্য কর ইত্যাদি বিষয়ে সংশ্লিষ্ট মনোনয়নপত্র দাখিলকারীর বিরুদ্ধে কোন আপত্তি/অভিযোগ থাকলে দালিলিক প্রমাণাদিসহ (যদি থাকে) মনোনয়নপত্র বাছাইকালে নিজে বা উপযুক্ত প্রতিনিধির মাধ্যমে উপস্থাপন করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, নিম্নোক্ত সময়সূচি মোতাবেক জেলা প্রশাসক, নওগাঁ এর সম্মেলন কক্ষে মনোনয়নপত্রসমূহ বাছাই করা হবে।

ক্রমিক নং	উপজেলার নাম	মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	সময়	মনোনয়নপত্র বাছাইয়ের স্থান
১	সাপাহার	২৩ এপ্রিল ২০২৪	সকাল ১০:০০ ঘটিকা	জেলা প্রশাসক, নওগাঁ এর সম্মেলন কক্ষ
২	পোরশা		সকাল ১০:৪৫ ঘটিকা	
৩	নিয়ামতপুর		বেলা ১১:৩০ ঘটিকা	

  
২৩/০৪/২৪

(রাসেদুল হাসান)

অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), নওগাঁ

ও

রিটার্নিং অফিসার

৬ষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচন-২০২৪


প্রাপক: .....

স্মারক নং- ০৫.৪৩.৬৪০০.১১১.০৪.০২৩.২৪- ২১৮

তারিখ : ২৩ এপ্রিল ২০২৪

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ৩। জেলা প্রশাসক, নওগাঁ।
- ৪। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রাজশাহী অঞ্চল, রাজশাহী।
- ৫। পুলিশ সুপার, নওগাঁ (মনোনয়নপত্র বাছাইকালে প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্স মোতায়েনের অনুরোধসহ)।
- ৬। জেলা নির্বাচন অফিসার, নওগাঁ (মনোনয়নপত্র বাছাইকালে উপস্থিত থেকে প্রয়োজনীয় সহযোগিতা করার অনুরোধসহ)।
- ৭। উপজেলা নির্বাহী অফিসার, সাপাহার/পোরশা/নিয়ামতপুর, নওগাঁ ও সহকারী রিটার্নিং অফিসার (উপজেলা পর্যায়ে ব্যাংক ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে অবহিত করার অনুরোধসহ)।
- ৮। উপপরিচালক, জেলা তথ্য অফিস, নওগাঁ।
- ৯। উপজেলা নির্বাচন অফিসার, সাপাহার/পোরশা/নিয়ামতপুর, নওগাঁ।
- ১০। ভারপ্রাপ্ত কর্মকর্তা, সাপাহার/পোরশা/নিয়ামতপুর, নওগাঁ থানা, নওগাঁ।
- ১১। সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেস ক্লাব, নওগাঁ।
- ১২। .....

  
২৩/০৪/২৪

(রাসেদুল হাসান)

অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), নওগাঁ

ও

রিটার্নিং অফিসার

৬ষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচন-২০২৪